

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২৩৪

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪. রাসূলুল্লাহ (ﷺ) এর বাণীঃ যে ব্যক্তি ইমামের সাথে নামায পড়ে, ইমামের কিরাআতই তার কিরাআত এবং এতদসম্পর্কিত হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ ذِكْرِ قَوْلِهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ " مَنْ كَانَ لَهُ إِمَامٌ ، فَقِرَاءَةُ الْإِمَامِ لَهُ قِرَاءَةٌ " وَاحْتِلَاف الرِّوَايَات

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَخْلَد ، ثَنَا شُعَيْبُ بْنُ أَيُّوبَ ، وَغَيْرُهُ ، قَالُوا : نَا زَيْدُ بْنُ الْحُبَابِ ، ثَنَا مُعَاوِيَةُ بْنُ صَالِح ، ثَنَا أَبُو الزَّاهِرِيَّةِ ، عَنْ كَثِيرِ بْنِ مُرَّةَ ، عَنْ أَبِي الدَّرْدَاءِ ، قَالَ : سُئِلَ مُعَاوِيَةُ بْنُ صَالِح ، ثَنَا أَبُو الزَّاهِرِيَّةِ ، عَنْ كَثِيرِ بْنِ مُرَّةَ ، عَنْ أَبِي الدَّرْدَاءِ ، قَالَ : سُئِلَ رَسُولُ اللَّهِ \_ صَلَّق اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ وَكُنْتُ مِنَ الْأَنْصَارِ : وَجَبَتْ هَذِهِ ، فَقَالَ لِي رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ وَكُنْتُ مِنَ الْأَنْصَارِ : وَجَبَتْ هَذِهِ ، فَقَالَ لِي رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ وَكُنْتُ أَقُرَبَ الْقَوْمِ إِلَيْهِ \_ " مَا أَرَى الْإِمَامَ إِذَا أَمَّ الْقَوْمَ إِلَّا قَدْ كَفَاهُمْ " . كَذَا قَالَ . وَهُوَ وَهُمُ مِنْ زَيْدِ بْنِ الْحُبَابِ ، وَالصَّوَابُ : فَقَالَ أَبُو الدَّرْدَاءِ : مَا أَرَى الْإِمَامَ إِلَّا قَدْ كَفَاهُمْ " . كَذَا قَالَ . وَهُوَ وَهُمُ مِنْ زَيْدِ بْنِ الْحُبَابِ ، وَالصَّوَابُ : فَقَالَ أَبُو الدَّرْدَاءِ : مَا أَرَى الْإِمَامَ إِلَّا قَدْ كَفَاهُمْ

## বাংলা

১২৩৪(২৯). মুহাম্মাদ ইবনে মাখলাদ (রহঃ) ... আবু দারদা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট জিজ্ঞেস করা হলো, প্রত্যেক নামাযেই কি কিরাআত পড়তে হবে? তিনি বলেন, হাঁ। এক আনসারী সাহাবী বলেন, (তা পড়া তো) ওয়াজিব হয়ে গেল। লোকজনের মধ্যে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর অধিক নিকটবর্তী ছিলাম। তিনি আমাকে বললেনঃ আমি মনে করি, ইমামই লোকজনের জন্য যথেষ্ট। রাবী এরূপই বর্ণনা করেছেন। এটা যায়েদ ইবনুল হুবাবের অমূলক ধারণা। সঠিক হলো, আবু দারদা (রাঃ) বলেন, আমার মতে ইমামই তাদের জন্য যথেষ্ট।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন